

বঙ্গভবন ০২ আগস্ট ২০২২:

প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে জুডিশিয়াল সার্ভিস কমিশনের বার্ষিক প্রতিবেদন- ২০২১ পেশ করেছেন।

এসময় কমিশনের সদস্য বিচারপতি মোঃ নজরুল ইসলাম তালুকদার, অ্যাটর্নি জেনারেল আবু মোহাম্মদ আমিন উদ্দিন, আইন ও বিচার বিভাগের সচিব মোঃ গোলাম সারওয়ার এবং জেলা ও দায়রা জজ এ, এইচ, এম, হাবিবুর রহমান ভূঁইয়া উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে প্রধান বিচারপতি ও জুডিশিয়াল সার্ভিস কমিশনের চেয়ারম্যান কমিশনের সার্বিক কার্যক্রম এবং বার্ষিক প্রতিবেদনের বিভিন্ন দিক সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

রাষ্ট্রপতি বিচারকদের পেশাগত দক্ষতা বৃদ্ধিতে তথ্য প্রযুক্তিসহ বিভিন্ন বিষয়ে সমন্বয়যোগী প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করেন।

জনগণ যাতে দ্রুত সময়ে ন্যায় বিচার পায় সে ব্যাপারে বিচারকদের আরো সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।